গাংনীতে জিআর প্রকল্পের চাউল বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলায় হতদরিদ্রের মাঝে জিআর(প্রাকৃতিক দুর্যোগ খরা ও অনাবৃষ্টি) প্রকল্পের বিশেষ বরাদ্দকৃত চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার দুপুর ১২ টায় গাংনী উপজেলার ভাটপাড়া আশ্রয়ন প্রকল্পে ৯০টি পরিবারসহ বিভিন্ন গ্রামে দুস্থদের মাঝে চাউল বিতরণ করা হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, উপজেলা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, সাহারবাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা (তহশিলদার) নুরুল হুদা উপস্থিত ছিলেন।

পরে মটমুড়া ইউনিয়নের রাজাপুর গ্রামের ৭ জন তাঁত শিল্পীদের মাঝে জিয়ার প্রকল্পের চাল বিতরণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

প্রতিটি পরিবারের জন্য যার প্রকল্পের ৩০ কেজি করে চাউল প্রদান করা হয়। এ সময় সাজিয়া সিদ্দিকা সেতু জানান, আমার আবেদনের ভিত্তিতে প্রাপ্ত জিয়ার প্রকল্পের চাউল বিতরণ করা হয়েছে। এবং এ চাউল বিতরণ কাজ অব্যাহত রয়েছে। প্রথম দিনে ২৯৬ জনের মাঝে উক্ত প্রকল্পের চাউল বিতরণ করা হয়।
আসন্ন ইদুল আযহা উপলক্ষে চাউল পেয়ে আনন্দে উল্লাসিত হয়ে পড়েন উপকারভোগীরা।

গাংনীতে আবেগঘন পরিবেশে

মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদায়

আবেগঘন পরিবেশে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারকে (অবসর জনিত) বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় উপজেলা নির্বাহী অফিসারর সভাকক্ষে বিদায়ী সংবর্ধনার আয়োজন করেন মাধ্যমিক পর্যায়ের শিক্ষকরা।

গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, করমদী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কাজিপুর ইউপি চেয়ারম্যান মু. আলম হুসাইন, হাড়াভাঙ্গা ডিএস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামানসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, মীর হাবিবুল বাশার ২০১৫ সালে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হিসেবে যোগদান করে সুনামের সাথে তার কর্মময় জীবন শেষ করেন। এসময় তার পত্নি উপস্থিত ছিলেন।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে কৃষি উদ্যোক্তাদের সম্মাননা প্রদান

মেহেরপুরের গাংনীতে সমন্বিত কৃষি ইউনিট মৎস্য খাত এর আওতায় কৃষি,মৎস্য ও প্রাণী সম্পদ খাতের সফল উদোক্তাদের সম্মাননা প্রদান করা হয়েছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতি এ সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ে আয়োজিত সম্মাননা প্রদাণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামিম।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালনা পর্ষদের সভাপতি মোঃ রমজান আলীর সভাপতিতে এবং সংস্থার পরিচালক মোহাঃ কামরুজ্জামানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ আব্দুর রউফ, উপজেলা ভেটেরিনারি সার্জ মোঃ আরিফুল ইসলাম।

সম্মাননা প্রাপ্ত কৃষি উদ্যোক্তারা হলেন,গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মনিরুল ইসলাম,,জুগিরগোফা গ্রামের মাহাবুব আলম,গাড়াডোব গ্রামের শাহানাজ খাতুন ও রাহিলা খাতুন, বিদ্যাধরপুর গ্রামের ইদুৃল হোসেন এবং ধানখোলা গ্রামের মাছুরা খাতুন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ছয়জন সফল উদ্যোক্তাদের হাতে সম্মাননা ক্রেস্ট,সার্টিফিকেট ও নগদ অর্থ প্রদান করা হয়। অনুষ্ঠানে সংস্থার বিভিন্ন ইউনিটের কর্মকর্তা কর্মচারিসহ বিভিন্ন এলাকার শতাধিক উপকারভোগী উপস্থিত ছিলেন।

গাংনীতে স্বামীকে আত্মহত্যায় প্ররোচনায় মামলায় স্ত্রী গ্রেফতার, জেল হাজতে প্রেরণ

স্বামীকে আত্মহত্যায় প্ররোচনা দায়ের করা মামলায় স্ত্রী জেসমিনকে গ্রেফতার করে জেল হাজতে পাঠিয়েছেন পুলিশ।

আজ বুধবার (২১ জুন) দুপুরের দিকে গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) জহির রায়হান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গ্রেফতার জেসমিন গাংনী উপজেলার জালশুকা গ্রামের মৃতু আলতাব হোসেনের স্ত্রী।

জানা গেছে, গত ১৯ জুন সন্ধ্যায় তার স্বামী আলতাব হোসেনকে ফেলে রেখে চুয়াডাঙ্গায় এক আত্মীয়র বাড়িতে বেড়াতে যায়। ওই দিন সন্ধ্যায় আলতাব হোসেন তার নিজ ঘরে আড়ার সাথে গলাই ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।

এঘটনায় আলতাব হোসেনের পরিবারের লোকজন অভিযোগ করেন, তার স্ত্রীর পরোকীয়ার কারনে আলতাব হোসেন আত্মহত্যা করেছেন। পরে আলতাব হোসেনের ভাই হাসানুজ্জামান বাদী হয়ে ভাবী জেসমিন ও তার পরোকীয়া প্রেমিক খড়মপুর গ্রামের মহির উদ্দীনের ছেলে আব্দুল মালেককে আসামি করে আত্মহত্যার প্ররোচনার অভিযোগ এনে প্যানাল কোড ৩০৬/৩৪ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ৩৩, তারিখ ১৯/০৬/২০২৩ ইং। মামলার প্রধান আসামি আলতাব হোসেনের স্ত্রী জেসমিন খাতুনকে অভিযান চালিয়ে গ্রেফতার করেন। তার কথিত প্রেমিক আব্দুল মালেককেও গ্রেফতারে জোর প্রচেষ্টা চলছে।

মামলার আইও জহির রায়হান জানান, আলতাব হোসেনের দুই ছেলে মেয়ের মধ্যে মেয়ে বিয়ে হয়ে শশুর বাড়ি ও ছেলেটি প্রবাসী। আলতাব হোসেনের বাড়ি আলমডাঙ্গা উপজেলার শালিকা উত্তরপাড়াতে হলেও প্রায় ২০ বছর আগে সে গাংনী উপজেলার জালশুকা গ্রামে তার শশুরবাড়ির পাশে জমি কিনে বাড়ি ঘর তৈরী করেছেন। তবে, জমিটি তার স্ত্রী জেসমিন খাতুনের নামে। স্বামী বিদেশ থাকার কারনে, জেসমিন আব্দুল মালেকের সাথে পরোকীয়ায় জড়িয়ে পড়েন। স্বামী বাড়ি আসার কারনে ক্ষিপ্ত হয়ে সব সময় দূর্ব্যবহার করে আসছে। স্ত্রীর দুর্ব্যবহার সহ্য করতে না পেরে অবশেষে আত্মহত্যার পথ বেচে নেন আলতাব হোসেন।

গাংনীতে জমিজমা সংক্রান্ত মারামারিতে দুই নারীসহ আহত-৭

মেহেরপুরের গাংনীর নিত্যানন্দনপুর গ্রামে সরকারি খাস জমি দখল নিয়ে বিরোধে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ মোট ৭জন আহত

হয়েছেন।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় সংঘর্ষের ঘটনা ঘটে। আহত হলেন হাফিজুল ইসলামের স্ত্রী আনজিরা খাতুন(৩৫) আজিজুলের স্ত্রী রুপালী খাতুন
(৪২) আব্দুর রহমানের ছেলে আজিজুল ইসলাম(৪৫) আব্দুল গণির ছেলে হাফিজুল ইসলাম(৩৫),মসলেম এর ছেলে তৌহিদুল ইসলামস(৩৮)এবং আসলামের ছেলে দেলোয়া হোসেন(৩০)।

আহতের মধ্যে তৌহিদুল ইসলামের অবস্থা আশংক জনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসাপাতালে রেফার্ড করা হয়েছে। বাকীদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও মেহেরপুর জেলারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়সুত্রে জানাগেছে, আব্দুর রহামানের ছেলে আজিজুল ইসলাম তার পুরাতন বসত বাড়ি ভেঙ্গে ২৪ শতক জমিতে নতুন বাড়ি নির্মাণ করছিল। ওই জমির মধ্যে সরকারি তিন শতক খাস জমি রয়েছে বলে দখল দাবী করেন স্থানীয় প্রতিবেশি এলাহি বকসের ছেলে সাহাবুদ্দিন । খাস জমির মধ্যে এক শতক জমি পাওয়া যাবে বলে দাবী করলে তখনই দুপক্ষের কথা কাটাকাটি শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের সাথে মারামারি শুরু হয়। উভয় পক্ষয় দেশিয় অস্ত্রস্স্ত্র দিয়ে মারারিতে অন্তত দুই নারী সহ ৭জন আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক এমদাদুল হক আহত তৌহিদুল ইসলামের অবস্থা আশংকা জেনে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন,বাকীদের স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সংঘর্ষের খবর পাওয়া গেলে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে উভয় পক্ষকে শান্ত করা হয়েছে। কারো পক্ষে এখনও অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ধানের জমিতে বিষ দিতে গিয়ে বৃদ্ধ অসুস্থ

জমিতে বিষ দিতে গিয়ে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন স্বার্থক আলী (৭০) নামের এক বৃদ্ধ।স্বার্থক আলী মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা পাঙ্গাসীপাড়া এলাকার সিদ্দিক মন্ডলের ছেলে।

আজ রবিবার (১৮ জুন) স্থানীয় খাগড়াজল মাঠে নিজের ধানের জমিতে বিষ দিতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি।

সাথে সাথে বাড়িতে চলে আসেন তিনি। বাড়িতে এসে আরো অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

বর্তমানে তার শারীরিক অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

গাংনী পৌর মেয়রের মাছ নিধনের মামলায় গ্রেফতার-২

গাংনী পৌর মেয়রের মৎস্য ঘেরে বিষ প্রয়োগে মাছ নিধনের ঘটনায় দায়ের করা মামলায় এজাহার নামীয় ২ আসামি গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের আব্দুর রহমানের ছেলে আমজাদ হোসেন (৪৫) ও আসাদুজ্জামানের ছেলে মেহেদী (২০)।

আজ বৃহস্পতিবার ভোররাতের দিকে তাদের বাড়িতে অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করা হয়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, গত রবিবার দিবাগত রাতে গাংনী পৌরসভার

মেয়র আহম্মেদ আলীর এলাঙ্গী বিলে বিষ প্রয়োগ করে প্রায় ৮০ লক্ষ টাকার মাছ নিধন করেছে দূর্বৃত্তরা। এঘটনায় মেয়র আহম্মেদ আলী বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন যার মামলা নং (২৫)(৬)২৩।

ওসি আব্দুর রাজ্জাক আরও জানান, গ্রেফতারকৃতদের ৫ দিনের রিমান্ড আবেদন জানিয়ে আজ বৃহস্পতিবার আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন

গাংনীতে জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার দুপুরে উপজেলা স্ব্স্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা সুপ্রভা রাণীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী ও সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

আসাদুল ইসলাম লিটনের সঞ্চালনায় এ অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে ১৭ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি পশ্চিমপাড়ায় অভিযান চালিয়ে ১৭ বোতল ফেন্সিডিলসহ বাশারুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব -১২ মেহেরপুর ক্যাম্পের সদস্যরা।

শুক্রবার সকাল সোয়া ১০টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার গোলাম ফারুকের নেতৃত্বে র্যাবের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। গ্রেফতারকৃত আসামী মো: বাশারুল ওরফে বাশার বিশ্বাস গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আনারুল ইসলাম বিশ্বাসের ছেলে।

এ সময় তার নিকট থেকে মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০১টি মোটর সাইকেল, ০২টি মোবাইল ফোন জব্দ করা হয়।

র্যাব জানায়, মাদক ব্যবসায়ী বাশার দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর জেলাসহ পাশ্ববর্তী জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট ক্রয় বিক্রয় করে আসছিল। গ্রেফতারকৃত আসামীর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

খাটি বাঙালিয়ানা খাবারের সাথে উঠেছিল আড্ডার ঝড়

মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার প্রবীণদের মিলন মেলায় সবাই ছিল উচ্ছাসিত। দীর্ঘদিন পর একে অপরের সাথে দেখা, কুশল বিনিময় অন্যরকম আমেজ। সেই সাথে ছিল রসনা বিলাশ বাঙালি খাবারের আয়োজন। রসালো আম, পাকা কাঁঠাল, দই, চিড়া, মুড়কির সাথে রসুগুল্লোহ এযেনো খাটি বাঙালিয়ানা।সব শেষে রুটি আর ডাল, কমতি ছিলনা কোনো কিছুর।

এই আড্ডা আর বাঙালি খাবারের আয়োজক গাংনীর সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। আড্ডায় প্রবীণদের পাশাপাশি উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন,কথা সাহিত্যক রফিকুর রশীদ রিজভী, চুয়াডাঙ্গা-৩ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী হাইস্কুল এন্ড কলেজের সাবেক প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, কুষ্টিয়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত গণিত শিক্ষক আক্তার হোসেন, চুয়াডাঙ্গা জেলার